রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ১৫, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উপজেলা-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩/ ১৪ জুলাই ২০২৬

নং **৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৮.০১৬৮.২৬-২৪৩**—০১ জুলাই ২০২৬/১৭ আষাঢ় ১৪৩৩ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২১তম সভায় ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার ১৫টি ইউনিয়নের মধ্যে **'দক্ষিণ গফরগাঁও'** উপজেলা গঠনের পর অবশিষ্ট ৭টি ইউনিয়ন যথা: ১. বারবাড়ীয়া, ২. চরআলগী, ৩. যশরা, ৪. রাওনা, ৫. রসুলপুর, ৬. সালটিয়া, ৭. গফরগাঁও এবং গফরগাঁও পৌরসভা-এর সমন্বয়ে বিদ্যমান **'গফরগাঁও'** উপজেলা পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। উল্লিখিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে, ময়মনসিংহ জেলার **'গফরগাঁও'** উপজেলার ০৮ (আট) টি ইউনিয়ন, যথা: (১) মশাখালী (২) পাঁচবাগ, (৩) উস্থি, (৪) লংগাইর, (৫) পাইথল, (৬) দত্তের বাজার, (৭) নিগুয়ারী ও (৮) টাংগাব ইউনিয়নের সমন্বয়ে স্থানীয় সরকার বিভাগের ১৩ জুলাই ২০২৬ তারিখের ২৪২ নম্বর প্রজ্ঞাপনমূলে **'দক্ষিণ গফরগাঁও'** উপজেলা গঠন করা হয়েছে। **'দক্ষিণ গফরগাঁও'** উপজেলা গঠনের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ আইন ১৯৯৮ [১৯৯৮ সনের ২৪ নং আইন (২০১১ পর্যন্ত সংশোধিত)] এর ৩(২) ধারার ক্ষমতাবলে সরকার ময়মনসিংহ জেলার **'গফরগাঁও'** উপজেলার অবশিষ্ট ০৭টি ইউনিয়ন যথা: ১. বারবাড়ীয়া, ২. চরআলগী, ৩. যশরা, ৪. রাওনা, ৫. রসুলপুর, ৬. সালটিয়া, ৭. গফরগাঁও এবং গফরগাঁও পৌরসভা-এর সমন্বয়ে বিদ্যমান **'গফরগাঁও'** উপজেলা পুনর্গঠন করিল।

০৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেলেনা পারভীন**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০